

ঝুঁটু

জাবিতে শূন্য আসনে ভর্তি ২১-২২ মার্চ

প্রকাশ : ১২ মার্চ ২০১৮, ০০:০০ | প্রিন্ট সংক্রান্ত



জাবি প্রতিনিধি

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ে (জাবি) ২০১৭-১৮ শিক্ষাবর্ষে ৫ঠাতক (সম্মান) প্রথম বর্ষের শূন্য আসনে ভর্তি ২১ ও ২২ মার্চ অনুষ্ঠিত হবে। এজন্য ভর্তি পরীক্ষায় উন্নীর্ণ শিক্ষার্থীদের অপেক্ষমাণ তালিকা থেকে ১৮ মার্চ ৫ম মেধাতালিকা প্রকাশ করা হবে। মেধাতালিকায় থাকা শিক্ষার্থীকে স্ব স্ব অনুষদে উপস্থিত হয়ে ভর্তি ফরম সংগ্রহ করতে হবে। রোববার বিশ্ববিদ্যালয়ের ভর্তি পরিচালনা কমিটির সদস্য সচিব মো. আবু হাসান এক বিজ্ঞপ্তির মাধ্যমে এ তথ্য নিশ্চিত করেন। তিনি জানান, আটটি অনুষদে মোট ১৭৫ আসন খালি রয়েছে। এর মধ্যে গাণিতিক ও পদার্থ বিজ্ঞান অনুষদে ৫৮টি, সমাজবিজ্ঞান অনুষদে ২৩টি, কলা ও মানবিকী অনুষদে ১৮টি, জীববিজ্ঞান অনুষদে ৪৬টি, বিজনেস স্টাডিজ অনুষদে ৯টি, আইবিএ ১০টি, আইআইটি ৮টি ও বঙ্গবন্ধু তুলনামূলক সাহিত্য গবেষণা কেন্দ্রে ৩টি আসন শূন্য রয়েছে। ২২ মার্চ ১২টার পর আসন খালি থাকা সাপেক্ষে সশরীরে উপস্থিত ভর্তিচ্ছুদের মেধাক্রম অনুযায়ী ভর্তি করা হবে। মেধাতালিকা ও ভর্তি সংক্রান্ত তথ্য বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে পাওয়া যাবে।

ভারপ্রাপ্ত সম্পাদক : সাইফুল আলম, প্রকাশক : সালমা ইসলাম

প্রকাশক কর্তৃক ক-২৪৪ প্রগতি সরণি, কুড়িল (বিশ্বরোড), বারিধারা, ঢাকা-১২২৯ থেকে প্রকাশিত এবং যমুনা প্রিন্টিং এন্ড পাবলিশিং লিঃ থেকে মুদ্রিত।

পিএবিএক্স : ৮৮১৯২১১-৫, রিপোর্টিং : ৮৮১৯২২৮, বিজ্ঞাপন : ৮৮১৯২১৬, ফ্যাক্স : ৮৮১৯২১৭, সার্কুলেশন : ৮৮১৯২২৯। ফ্যাক্স : ৮৮১৯২১৮, ৮৮১৯২১৯, ৮৮১৯২২০

E-mail: jugantor.mail@gmail.com

© সর্বস্বত্ত্ব স্বত্ত্বাধিকার সংরক্ষিত ২০০০-২০১৮ | এই ওয়েবসাইটের কোনো লেখা, ছবি, অডিও, ভিডিও অনুমতি ছাড়া ব্যবহার বেআইনি।